

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৪৭০

৯. কিতাবুস সালাত (کتاب الصلاة)

পরিচ্ছেদঃ (৩) সালাতের সময়সমূহ - ফর্য সালাতসমূহের ওয়াক্তের বিবরণ

3 _ بَابُ مَوَاقِيتِ الصَّلَاةِ (ذِكْرُ وَصنْفِ أَوْقَاتِ الصَّلَوَاتِ الْمَفْرُوضَاتِ)

আরবী

1470 _ أَخْبُرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ قَالَ: أَخْبُرَنَا حِبَّانُ بْنُ مُوسَى قَالَ: أَخْبُرَنَا عَبْدُ اللَّهِ قَالَ: حَدَّثَنَا حُسَيْنُ بْنُ عَلِيّ بْنِ حُسَيْنِ عَنْ وَهْب بْنِ كَيْسَانَ: عَنْ جَابِرٍ قَالَ: جَاءَ جِبْرِيلُ إِلَى النَّبِيِّ صَلِّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ حِينَ زَالَتِ الشَّمْسُ فَقَالَ: قُمْ يَا مُحَمَّدُ فَصَلِّ الظُهْرَ فَقَامَ فَقَالَ: قُمْ فَصَلِّ الظُهْرَ فَقَامَ فَصَلِّ الْعُصْرُ ثُمَّ جَاءَهُ حِينَ غَابَتِ الشَّمْسُ فَقَالَ: قُمْ فَصَلِّ الْمُغْرِبَ فَقَامَ فَصَلَّ الْمُغْرِبَ فَقَامَ فَصَلَّ الْعُشَاءَ فَقَامَ فَصَلَّ الْعُشَاءَ فَقَامَ فَصَلَّ الْمُغْرِبَ ثُمَّ مَكَثَ حَتَّى نَهَبَ الشَّفْقُ فَجَاءَهُ فَقَالَ: قُمْ فَصَلِّ الظَّهْرَ فَقَامَ فَصَلَّى الطَّهْرَ فَقَامَ فَصَلَّ الطَّهْرَ فَقَامَ فَصَلَّ الطَّهْرَ فَقَامَ فَصَلَّ الظَهْرَ ثُمَّ مَنَ الْغُدِ حِينَ صَارَ ظِلُّ كُلِّ شَيْءٍ مِثْلَهُ فَقَالَ: قُمْ فَصَلِّ الْظُهْرَ فَقَامَ فَصَلَّى الظَهْرَ فَقَامَ فَصَلَّى الظَهْرَ ثُمَّ مَنَ الْغُدِ حِينَ صَارَ ظِلُّ كُلِّ شَيْءٍ مِثْلَهُ فَقَالَ: قُمْ فَصَلِّ الْغُهْرِ فَقَامَ فَصَلَّى الْعُمْرِبَ فَقَامَ فَصَلَّى الظَهْرَ ثُمَّ عَلَى الْمَعْرِبَ فَقَامَ فَصَلَّى الْمُغْرِبَ فَقَامَ فَصَلًى الصَبْعَ فَقَامَ فَصَلًى الْمُعْرِبَ فَقَامَ فَصَلًى الْمَعْرِبُ فَقَامَ فَصَلًى الْمَعْرِ

الراوي: جَابِر | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1470 | خلاصة حكم المحدث.صحيح ـ ((الإرواء)) (250) , ((صحيح أبى داود)) (419).

বাংলা



১৪৭০. জাবির রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "একবার জিবরাঈল আলাইহিস সালাম রাসূল সাল্লাল্লাহু অলাইহি ওয়া সাল্লামের কাছে আসেন যখন সূর্য পশ্চিমাকাশে ঢলে যায়, অতঃপর তিনি বলেন, "হে মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আপনি দাঁড়ান এবং যোহরের সালাত আদায় করুন।" অতঃপর তিনি দাঁড়িয়ে যোহরের সালাত আদায় করেন। তারপর তিনি তাঁর কাছে আবার আবার আসেন, যখন প্রত্যেক বস্তুর ছায়া একগুণ হয়। অতঃপর তিনি বলেন, "আপনি দাঁড়ান এবং আসরের সালাত আদায় করুন।" অতঃপর তিনি দাঁড়িয়ে আসরের সালাত আদায় করেন। তারপর তিনি তাঁর কাছে আবার আবার আসেন, যখন সূর্য ডুবে যায়। অতঃপর তিনি বলেন, "আপনি দাঁড়ান এবং মাগরিবের সালাত আদায় করুন।" অতঃপর তিনি দাঁড়িয়ে মাগরিবের সালাত আদায় করেন। তারপর তিনি লাল আভা বিদূরিত হওয়া পর্যন্ত অবস্থান করেন। অতঃপর তিনি ঢাঁর কাছে আসেন এবং তাঁকে বলেন, "আপনি দাঁড়ান এবং ইশার সালাত আদায় করুন।" অতঃপর তিনি দাঁড়িয়ে ইশার সালাত আদায় করেন। তারপর তিনি তাঁর কাছে আসেন, যখন সুবহে সাদিক উদিত হয়, তারপর তিনি বলেন, ""হে মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আপনি দাঁড়ান এবং ফজরের সালাত আদায় করুন।" অতঃপর তিনি দাঁড়িয়ে ইকার তিনি দাঁড়িয়ে ফজরের সালাত আদায় করেন।

অতঃপর তিনি তাঁর কাছে পরের দিন আসেন, যখন প্রত্যেক বস্তুর ছায়া তার সমপরিমাণ হয়, অতঃপর তিনি বলেন, আপনি দাঁড়ান এবং যোহরের সালাত আদায় করুন।" অতঃপর তিনি দাঁড়িয়ে যোহরের সালাত আদায় করেন। তারপর তিনি তাঁর কাছে আবার আবার আসেন, যখন প্রত্যেক বস্তুর ছায়া দ্বিগুণ হয়। অতঃপর তিনি বলেন, "আপনি দাঁড়ান এবং আসরের সালাত আদায় করুন।" অতঃপর তিনি দাঁড়িয়ে আসরের সালাত আদায় করেন। তারপর তিনি তাঁর কাছে আসেন, যখন সূর্য ছুবে গিয়ে এখনও সময় বিদ্যমান রয়েছে অতঃপর তিনি বলেন, "আপনি দাঁড়ান এবং মাগরিবের সালাত আদায় করুন।" অতঃপর তিনি দাঁড়িয়ে মাগরিবের সালাত আদায় করেন। অতঃপর তিনি তাঁর কাছে আসেন যখন রাতের এক-তৃতীয়াংশ চলে গিয়েছে অতঃপর তিনি বলেন, "আপনি দাঁড়ান এবং ইশার সালাত আদায় করুন।" অতঃপর তিনি দাঁড়িয়ে ইশার সালাত আদায় করেন। তারপর তিনি তাঁর কাছে আসেন, যখন সুবহে সাদিক সুস্পষ্টভাবে উদিত হয়ে গিয়েছে, তারপর তিনি বলেন, "আপনি দাঁড়ান এবং ফজরের সালাত আদায় করুন।" অতঃপর তিনি দাঁড়িয়ে ফজরের সালাত আদায় করেন। তারপর তিনি বলেন, "এই দুই সময়ের মধ্যবর্তী পুরো সময়টাই সালাত আদায়ের সময়।"[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৩/৩৩০; তিরমিযী: ১৫০; নাসাঈ: ১/২৬৩; দারাকুতনী: ১/২৫৬; সুনান বাইহাকী: ১/৩৬৮; হাকিম: ১/১৯৫-১৯৬; তাহাবী, শারহু মা'আনিল আসার: ১/১৪৯; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১/৩১৮; আবূ দাউদ: ৩৯৩; বাগাবী, শারহুস সুনাহ: ৩৪৮; সহীহ মুসলিম: ৬১৪; মুসান্নাফ আব্দুর রায্যাক: ২০৩২।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ৪১৯)



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন